

উচ্চ শিক্ষাগনে অস্থিরতা

নিজস্ব প্রতিবেদক

১৮ মে ২০২৬, ১২:০০ এএম



নতুন ধারার দৈনিক

আমাদের সময়



বরিশাল বিশ্ববিদ্যালয়ে শিক্ষকদের কমপ্লিট শাটডাউন কর্মসূচি প্রত্যাহারের পর আরও দুটি বিশ্ববিদ্যালয়ে উত্তেজনা

সৃষ্টি হয়েছে। গাজীপুরে ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে বহিরাগত উপাচার্য নিয়োগের বিরোধিতা নিয়ে শিক্ষার্থীদের দুপক্ষে মধ্য গতকাল রবিবার সংঘর্ষের ঘটনা ঘটেছে। একই দিন জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে ধর্ষণচেষ্টার বিচারের দাবিতে প্রশাসনিক ভবনে তালা এবং প্রক্টরিয়াল বড়ির পদত্যাগ দাবির পক্ষ-বিপক্ষ নিয়ে ছাত্র সংগঠনগুলোর বাকযুদ্ধ উত্তেজনাকর পরিস্থিতি তৈরি করেছে। এতে সেই পুরনো অস্থিরতা ফের বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে দেখা দিয়েছে